

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাজেট-১ অধিশাখা  
www.ssd.gov.bd

স্মারক সংখ্যা-৫৮.০০.০০০০.০২১.১৮.০০১.১৯-১৩৫

তারিখ: ২৯/০৯/২০১৯ খ্রি।

**বিষয়: শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত অর্থনৈতিক কোড ৩২১১১০১-(পুরস্কার) খাতে অর্থ পুনঃউপযোজন।**


সূত্র: অগ্নি অনুবিভাগ, স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০২.১৭-৩৫, তারিখ: ০৩/০৭/২০১৯খ্রি: ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৯-২০ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগের অর্থনৈতিক কোড '৩২১১১০০-(আইন সংক্রান্ত ব্যয়) হতে অর্থনৈতিক কোড ৩২১১১০১-(পুরস্কার) খাতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা নির্দেশক্রমে পুনঃউপযোজন করা হলো।

**শর্তাবলি**

১. অনুমোদিত বিভাজন অনুযায়ী অর্থ ব্যয় করতে হবে;
২. বিভাজনকৃত অর্থ ব্যয়ে Public Procurement Act 2006 এবং Public Procurement Rules 2008 সহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৩. অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;
৪. অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০/০৬/২০২০ খ্রি: মধ্যে সমর্পন করতে হবে।

০২। এমতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
২৯.০৯.২০১৯  
(সেখ ফরিদ আহমেদ)  
উপসচিব  
ফোন: ৯৫৭৬৪০১

email: [dsbudget@ssd.gov.bd](mailto:dsbudget@ssd.gov.bd)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব, (প্রশাসন-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অতিরিক্ত সচিব (অগ্নি), এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।